

স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.১৭৪.২০২১-১১০৯

তারিখ: ২১ ভাদ্র ১৪২৮

০৫ সেপ্টেম্বর ২০২১

বিষয়: রিট পিটিশন নং-২০২১/২০২১ এর রুল ও আরজির আলোকে দফাওয়ারী জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ২০২১/২০২১ এর ২৪/০২/২০২১ তারিখের রুল ও আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় রাষ্ট্রীয় অধিগ্রহণ ব্যতীত ব্যক্তিমালিকানাধীন তফসিল বর্ণিত সম্পত্তি (মোজা-খাইলকৈর, এস. এ ৬৪৬, আর এস, ১৬৭, এস, এ ১৮৬০, আর. এস ২৬৮৫ জমির পরিমাণ ০৫.০৭ শতাংশ) স্থায়ী স্থাপনা ভেঙে উক্ত ভূমি গাজীপুর সিটি কর্পোরেশনের রাস্তায় নেওয়া থেকে বিরত থাকার দাবিতে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ০৭ (সাত) জনকে প্রতিপক্ষ করে আলহাজ্ব মোঃ আবুল হাসেম খান-এর রিট পিটিশন নং-২০২১/২০২১ দায়ের করা হয়েছে। বিজ্ঞ আদালত তর্কিত বিষয়ে আদেশ গ্রহণের তারিখ হতে ০৬ (ছয়) মাসের স্থিতিবস্থা (Status quo) বজায় রাখার নির্দেশ দিয়েছেন। রিটের ৭ নং প্রতিপক্ষ প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং-২০২১/২০২১ আরজির আলোকে দফাওয়ারী জবাব (Statements of Defence) এবং প্রাসঙ্গিক যাবতীয় কাগজপত্র সত্যায়নপূর্বক দুই প্রস্থ জরুরী ভিত্তিতে এ বিভাগের আইন-১ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১



৫-৯-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: ৯৫৪০৯৯৫

ইমেইল: lgdlaw1@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা (রুটিন দায়িত্ব)

প্রধান নির্বাহী কর্মকর্তা এর দপ্তর

গাজীপুর সিটি কর্পোরেশন

স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.১৭৪.২০২১-১১০৯/১(৫)

তারিখ: ২১ ভাদ্র ১৪২৮


০৫ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) যুগ্মসচিব, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

২) যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), নগর উন্নয়ন-১ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

- ৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর
- ৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর , স্থানীয় সরকার বিভাগ
- ৫) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ



৫-৯-২০২১  
মোঃ মহিউদ্দীন শামীম  
সহকারী সচিব